তারিখ ... 30 OCT 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

যুগান্তর

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# 'এ' ও 'জি' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদভুক্ত 'এ' ও কৃষি অনুষদভুক্ত 'জি' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। শনিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দুই ইউনিটের ফল প্রকাশ করা হয়। এর আগে সকালে ডিনস কমপ্লেক্সের নোটিশ বোর্ডে 'এ' ইউনিটের ফল টানিয়ে দেয়া হয়। ২৪ ও ২৬ অক্টোবর 'এ' ও 'জি' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হয়।

কলা অনুষদের ডিন ও 'এ' ইউনিটের ভর্তি কমিটির সমন্বয়ক অধ্যাপক ড. এফএমএএইচ তাকী জানান, আগামী ৬ নভেম্বর বিজোড় ও ৭ নভেম্বর জোড় রোলধারীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হয়েছে। ওই দু'দিন সকাল ৯টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত সাক্ষাৎকার নেয়া হবে। মৌখিক পরীক্ষার পর

■ পৃষ্ঠা ৭ : কলাম ৬

# 'এ' ও 'জি' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

(৩য় পৃষ্ঠার পর)

ভর্তির জন্য নির্বাচিতদের ৮ নভেম্বরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া ছক ও নিয়মানুযায়ী 'বিষয় চয়েজ ফরম' পূরণ করতে হবে। চলতি বছর কলা অনুষদের ১০টি বিভাগে ৯৪১ জনকে ভর্তি করানো হবে।

**ইংরেজি, নাট্যকলা, সঙ্গীত বিভাগে লিখিত ও ব্যবহারিক পরীক্ষা :** 'এ' ইউনিটের ইংরেজি বিভাগ, নাট্যকলা বিভাগ এবং সঙ্গীত বিভাগের জন্য মনোনীতদের ভিন্ন মেধাতালিকা প্রকাশ করা হয়েছে।

ইংরেজি বিভাগের জন্য মনোনীত ১৫৫০ জনের (বিজোড় ৮০১ ও জোড় ৭৪৯) লিখিত পরীক্ষা ৫ নভেম্বর অনুষ্ঠিত হবে। নাট্যকলা বিভাগের জন্য মনোনীত ৩১৯০ (বিজোড় ১৩৫৪ ও জোড় ১৮৩৬) ব্যবহারিক পরীক্ষা ১ নভেম্বর থেকে ৪ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে। আর সঙ্গীত বিভাগের জন্য মনোনীত ১৮৬৬ (বিজোড় ৭৫০ ও জোড় ১১১৬) জনের ১ নভেম্বর থেকে ৩ নভেম্বর পর্যন্ত ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। কৃষি অনুষদের ডিন ও 'জি' ইউনিটের ভর্তি কমিটির সমন্বয়ক অধ্যাপক ড. মো. সাইফুল ইসলাম জানান, মেধাক্রম অনুযায়ী প্রথম ৯৭৭ জনের মেধাতালিকা প্রকাশ করা হয়েছে। ১৯ নভেম্বরের মধ্যে মেধাতালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে 'বিষয় চয়েজ ফরম' পূরণ করতে হবে। ২৩ নভেম্বর কৃষি অনুষদ ভবনের ডিনের কক্ষে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। চলতি শিক্ষাবর্ষে কৃষি অনুষদের ৪টি বিভাগে ২১২ জন ভর্তির সুযোগ পাচ্ছে।

**মৌখিক পরীক্ষায় যা সঙ্গে আনতে হবে :** দুটি ইউনিটের মেধাতালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ নিতে এসএসসি ও এইচএসসির মূল মার্কস শিট, এইচএসির মূল রেজিস্ট্রেশন কার্ড ও ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র (পরীক্ষার কক্ষে পরিদর্শকের স্বাক্ষরকৃত) অবশ্যই সঙ্গে আনতে হবে। কোনো ভর্তিচ্ছু নির্ধারিত সময়ে মৌখিক পরীক্ষায় অংশ নিতে ব্যর্থ হলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। ভর্তিসংক্রান্ত সব তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://admission.ru.ac.bd এ পাওয়া যাবে।